গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন-০১ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৮.১৪.৮৯৩.২০২০-৬৪৮

তারিখঃ ৩০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "জনশুমারি ও গৃহগণনা ২০২১" প্রকল্প এর লিস্টিং অপারেশন (খানা তালিকাভুক্তকরণ), জোনাল অপারেশন ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদান।

সূত্রঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৫.১৬.০০৩(৩).২০২০.১২৫
তারিখঃ ০৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের সচিব মহোদয়ের ডিও পত্রের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। বিষয়টি তাঁর সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

নূরজাহান
উপসচিব
☎ ৫৫০০৭০৮৭

মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন,
আগারগাঁও, ঢাকা।

**সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, সেন্সাস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, 'জনশুমারি ও গৃহগণনা ২০২১" শীর্ষক প্রকল্প, বিবিএস, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-২
www.mhapsd.gov.bd

স্মারক সংখ্যা-৪৪.০০.০০০০.০৭৫.১৬.০০৩(৩).২০২০.১১৫

তারিখ ঃ ২৩ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় ঃ জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর লিস্টিং অপারেশন (খানা তালিকাভুক্তিকরণ), জোনাল অপারেশন ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদান।

সূত্র ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর ডিও নং-০০৮.১৪.৮৯৩.২০২০-৬১০, তারিখ-২৭/০১/২০২০ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক এতদ্‌সংশ্লিষ্ট সূত্রোক্ত স্মারকপত্রের ০১ (এক) প্রস্থ ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, বর্ণিত কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ।

০৬.০২.২০২০
(মল্লিকা খাতুন)
উপসচিব
টেলিফোন ঃ ৯৫৭৪৫২৩
pol2@mhapsd.gov.bd

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বিজিবি, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য-

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা।

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০০.০০০০.০০৮.১৪.৮৯৩.২০২০-৬৯০ তারিখ: ২৭ জানুয়ারি ২০২০

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, দেশের বিভিন্ন আর্থ-সামাজিক ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। আপনার আরো অবগতির জন্য জানাচ্ছি যে, স্বাধীন বাংলাদেশে প্রথম গৃহগণনা ১৯৭৩ সালে এবং প্রথম আদমশুমারি ১৯৭৪ সালে অনুষ্ঠিত হয়। ১৯৮১ সালে ২য় আদমশুমারি ও গৃহগণনা একত্রে পরিচালনা করা হয়। পরবর্তীতে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা যথাক্রমে ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে অনুষ্ঠিত হয়। ২০১৩ সালের পরিসংখ্যান আইনের মাধ্যমে 'আদমশুমারি ও গৃহগণনা' এর নাম পরিবর্তন করে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয়। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সূচক ১৭.১৯.২ অনুযায়ী প্রতিটি দেশে প্রতি দশ বছর অন্তত ০১ (এক) বার 'জনশুমারি ও গৃহগণনা' পরিচালনার বাধ্যবাধকতা রয়েছে। দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক দেশের ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা' আগামী ২০২১ সালের ০২-০৮ জানুয়ারি সময়ে পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

০২। উল্লিখিত জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় খানা তালিকাভুক্তিকরণ ও ম্যাপ হালনাগাদকরণ, জোনাল অপারেশনের মাধ্যমে প্রস্তুতিমূলক কাজ এবং মূল শুমারির তথ্য সংগ্রহের কাজ মাঠ পর্যায়ে দেশের প্রতিটি খানা/পরিবার (Household) হতে সংগ্রহ করা হবে। পূর্বে সকল শুমারিতে শুধু পেপার বেইজড প্রশ্নপত্রের মাধ্যমে গণনা কার্যক্রম পরিচালিত হয়েছে। মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত National Strategy for the Development of Statistics (NSDS)-এ ই-সেন্সাস (Electronic Census) পরিচালনার উল্লেখ রয়েছে। এছাড়া United Nations Statistics Division (UNSD) কর্তৃক সুপারিশকৃত আন্তর্জাতিক শুমারি গাইডলাইন অনুসরণপূর্বক প্রথমবারের মত জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর গণনা কার্যক্রমে মাল্টিমোড (পেপার বেইজড প্রশ্নপত্র/কল সেন্টার টেলিফোনিক ইন্টারভিউ/মোবাইল অ্যাপ্লিকেশন/পিক অ্যান্ড ড্রপ অফ প্রশ্নপত্র প্রভৃতি) ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হবে। উক্ত তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে স্থানীয়ভাবে শিক্ষিত জনগোষ্ঠীর মধ্য হতে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। মূল তথ্য সংগ্রহ কার্যক্রম শুরুর পূর্বে গণনা এলাকার সীমানা নির্ধারণ, গণনা এলাকার ম্যাপ প্রস্তুতকরণ ও অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করা হবে।

০৩। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের সকল বিভাগের সকল জেলায় ফেব্রুয়ারি, ২০২০ সময়ে খানা তালিকাভুক্তিকরণ ও ম্যাপ হালনাগাদকরণ, মার্চ-এপ্রিল, ২০২০ সময়ে প্রথম জোনাল অপারেশন, অক্টোবর, ২০২০ সময়ে ২য় জোনাল অপারেশনের প্রস্তুতিমূলক কাজ এবং ০২-০৮ জানুয়ারি ২০২১ সময়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কাজের উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিম্নবর্ণিত সংরক্ষিত এলাকায় গমন করে প্রস্তুতিমূলক খানা তালিকাভুক্তিকরণ, জোনাল অপারেশন ও তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণপূর্বক প্রয়োজনীয় যোগাযোগ করবেন।

০৪। এমতাবস্থায়, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর লিস্টিং অপারেশন (খানা তালিকাভুক্তিকরণ), জোনাল অপারেশন ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ; ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ; মহাপরিচালক, বাংলাদেশ আনসার; মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর; ইন্সপেক্টর জেনারেল অব প্রিজন এবং মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ন-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

একান্তভাবে আপনার

২৯/০১/২০২০

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

জনাব মোস্তাফা কামাল উদ্দীন
সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।